

🗏 ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ৩১

💵 আরবি মূল আয়াত:

🗚 অনুবাদসমূহ:

তারা কি লক্ষ্ম করেনি যে, আমি তাদের পূর্বে কত প্রজন্মকে ধ্বংস করেছি, নিশ্চয় তারা তাদের কাছে ফিরে আসবে না। — আল-বায়ান

তারা কি দেখে না যে, তাদের পূর্বে আমি কত মানবগোষ্ঠীকে ধ্বংস করে দিয়েছি? তারা তাদের কাছে ফিরে আসবে না। — তাইসিরুল

তারা কি লক্ষ্ম করেনা যে, তাদের পূর্বে কত মানবগোষ্ঠীকে আমি ধ্বংস করেছি যারা তাদের মধ্যে ফিরে আসবেনা? — মুজিবুর রহমান

Have they not considered how many generations We destroyed before them - that they to them will not return? — Sahih International

- ৩১. তারা কি লক্ষ্য করে না, আমরা তাদের আগে বহু প্রজন্মকে ধ্বংস করেছি।(১) নিশ্চয় তারা তাদের মধ্যে ফিরে আসবে না।
 - (১) অর্থাৎ আদ, সামূদ ও অন্যান্য বহু প্রজন্ম। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

- (৩১) ওরা কি লক্ষ্য করে না, ওদের পূর্বে কত মানবগোষ্ঠীকে আমি ধ্বংস করেছি, যারা ওদের মধ্যে ফিরে আসবে না।[1]
 - [1] এতে মক্কাবাসীদের জন্য সতর্কবাণী রয়েছে যে, রসূলের রিসালাতকে মিথ্যা ভাবার কারণে যেমন পূর্ব জাতি ধ্বংস হয়েছে, অনুরূপ তারাও ধ্বংস হতে পারে।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3736

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন